গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৬১.০০১.২২.৩১৪

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

বিষয়: **সুপ্রিম কোর্টের অ্যাপিলেট ডিভিশনে লিভ টু আপিল নং ৪৬৭৪/২০১৭ (রিটপিটিশন নং ৩৭২৩/২০১৩)-এর রায়ের আলোকে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার পুঠিয়া উপজেলাধীন শহীদ নাদের আলী বালিকা বিদ্যালয় ও কলেজের কলেজ শাখার ব্যবস্থাপনা বিষয়ের প্রভাষক মোঃ ইনামুল হক উক্ত কলেজে ২৩ ফেব্রুয়ারি ২০০০ তারিখে যোগদান করেন। ১২ মে ২০১০ তারিখে বিধি মোতাবেক সহকারী অধ্যাপকের পদে ম্যানেজিং কমিটি কর্তৃক স্কেল প্রাপ্তির যোগ্য মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়ে সুপারিশ করা হলে ২৩ ডিসেম্বর ২০১০ তারিখে তা নাকচ করা হয়। এর প্রেক্ষিতে তিনি মহামান্য হাইকোর্টে একটি রীট পিটিশন নং ৩৭২৩/২০১৩ দাখিল করেন। মাহামান্য হাইকোর্ট বিভাগ শুনানী শেষে গত ১৯ অক্টোবর ২০১৭ তারিখে উক্ত রীট নামঞ্জুর করলে রায়ের বিরুদ্ধে মাহামান্য সুপ্রিম কোর্টের অ্যাপিলেট ডিভিশনে লিভ টু আপিল দাখিল করেন, যার নং ৪৬৭৪/২০১৭ । তৎপ্রেক্ষিতে মহামান্য সুপ্রিম কোর্টের অ্যাপিলেট ডিভিশন গত ০৯ জানুয়ারি ২০২২ তারিখে নিম্নবর্ণিত রায় প্রদান করেন:

"From the above, it is clear that the petitioner is qualified to get the scale of Assistant Professor, but the High Court Division failed to consider this aspect of the case and, as such, the judgment and order dated 19.10.2017 passed by a Division Bench of the High Court Division in Writ Petition No.3723 of 2013 discharging the Rule is liable to be interfered.

In view of the aforesaid facts and circumstances, the leave petition is disposed of. The judgment and order of the High Court Division is hereby set aside.

The concerned authority is directed to give scale of Assistant Professor to the petitioner.

এমতাবস্থায়, মহামান্য সুপ্রিম কোর্টের অ্যাপিলেট ডিভিশনে লিভ টু আপিল নং ৪৬৭৪/২০১৭ (রিট পিটিশন নং ৩৭২৩/২০১৩)-এর রায়ের আলোকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

২৬-১০-২০২২
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা

ভবন, ঢাকা।

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৬১.০০১.২২.৩১৪/১(৩)

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬-১০-২০২২
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব